REG. NO. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

**বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।**

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন।• আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶• আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /• এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৮ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৫ই আশ্বিন বুধবার ১৩২৮ ইংরাজী 21st September 1921 | ১৯শ সংখ্যা।




দর্পণ সাক্ষাতেই রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল। গুণে বিশ্ববিজয়ী ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল। প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল। মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বধূতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থমন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল। কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শক্ত মরামাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৶০ ছয় আনা। তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

**অশোকারিষ্টের স্বল্প পরিচয়।**

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে, ইহার আরোগ্যকারীশক্তি অসীম। অনেক নষ্টক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরক্ষক হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১।০ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ৷৵০ নয় আনা। |

**হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।**

মফঃস্বলের রোগিদের অবস্থা অৰ্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোংর**

**আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।**

১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

গত ২৭ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিং ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এস,আর, সি, এস, এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

| | | | |
|---|---|---|---|
| মূল্য | প্রতি | বড় শিশি | ৩৲ |
| " | " | মাঝারি শিশি | ২।০ |
| " | " | ছোট শিশি | ১৷০ |

# স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ, গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহ সতেজ হয়; দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫।০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

## টাকার অষ্টোত্তর শতনাম।

—:০:—

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের হাস্যোদ্দীপক অনুকরণ। টাকার যত প্রকার নাম হইতে পারে তাহা কৌশলে কবিতায় লিখিত হইয়াছে। একবার পড়িয়া হাসিবেন ও বন্ধু-বান্ধবকে দেখাইবার ও হাসাইবার প্রলোভন সম্বরণ করিতে পারিবেন না। মূল্য মাত্র /০ এক আনা। /১০ ছয় পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া যায়।

ম্যানেজার জঙ্গিপুর সংবাদ অফিস
পোঃ রঘুনাথগঞ্জ।
(মুর্শিদাবাদ)

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৫ই আশ্বিন বুধবার ১৩২৮ সাল।

## গোস্বামী মতে বন্যা।

—:০:—

বন্যার জল বৃদ্ধি হইয়া আবার কমিতে আরম্ভ করিয়াছিল। গত কয়েক দিবস হইতে আবার বৃদ্ধি প্রাপ্ত হইয়া সাবেক জল অপেক্ষা বেশী হইয়াছে। অন্যান্য বৎসর ভরা ভাদরে বান বাড়ে এবার যেন গোস্বামী মতে পরাহের মত পর মাস আশ্বিনে প্রবল বন্যা হইল। এরূপ নামলা বান অনেক দিন হয় নাই।

## বৃষ্টি।

—:০:—

হৈমন্তিক ধান্যের জমিতে জল শুকাইয়া আসিয়াছিল। অদ্য আবার মূষলধারে বৃষ্টি হইয়া জঙ্গিপুরের নিকটবর্ত্তী রাঢ়ী জমিতে বেশ জল জমিয়াছে। ধান্য অসময়ে রোপিত হইলেও ধান গাছের ঝাড় বেশ হইয়াছে। এই প্রকার বৃষ্টি মধ্যে মধ্যে হইলে ধান্যের ফলনের বেশ আশা করা যায়। খনা বলিয়াছেন—

কর্কট ছর্ কট্ সিং শুকা কন্যা কানে কান।
বিনা বায়ে বরখে তুলা কাঁহা রাখবি ধান॥

## মুরারইয়ে প্রবল বন্যা।

—:০:—

মুরারইয়ে "পাগলা" নদী গত রবিবারের প্রবল বৃষ্টিতে আবার ক্ষেপিয়া উঠিয়া দুকূল ভাসাইয়াছে, ফলে মুরারইয়ের নিকট বাহাদুরপুর গ্রাম বন্যার জলে ডুবিয়াছে অনেকের কান্না কাটি লাগিয়াছে। সার্কেল অফিসার গদাধর সিং ও মুরারই পুলিশ জলমগ্ন স্থানে গিয়া দুঃস্থ লোকগণকে চিড়া, মুড়ি, গুড় আদি দিয়া তাহাদের সাময়িক দুঃখমোচনের চেষ্টা করিতেছেন। মুরারইয়ের নিকট রেলওয়ে লাইনে সংকল্পিত বিস্তৃত সাঁকো যতদিন না নির্ম্মিত হইবে ততদিন আমাদিগকে তত্রত্য লোকের বন্যাপীড়ার শোচনীয় কাহিনী শুনিতেই হইবে।

## ভলাণ্টিয়ার না রক্তবীজ?

—০—

গত কয়েকদিন হইতে কলিকাতা বড়বাজারে বিলাতী কাপড়ের খরিদদারগণের হাতে পায়ে ধরিয়া খোসামোদ করিয়া ভলাণ্টিয়ারগণ বিলাতী কাপড় কিনিতে নিবৃত্ত করিতেছিল। আইনের ছুতো খুজিয়া পুলিশ শেষে রাস্তার ভিড় করা অজুহাতে ৪৬ জন ভলাণ্টিয়ারকে গ্রেপ্তার করে। ভলাণ্টিয়ারগণ সব জেলে যাইতে স্বীকার তবুও জামিন দিল না। মহাত্মাজীকী জয় বলিতে বলিতে জেলে গমন করিয়াছে। তারপরই শত শত ভলাণ্টিয়ার বড়বাজারে পিকেটিং উদ্দেশে জমা হইল। ভলাণ্টিয়ার গ্রেপ্তার হইয়াও কমিতেছেনা আবার রক্তবীজের মত সংখ্যা বৃদ্ধি করিতেছে।

## জঙ্গিপুরে পিকেটিং।

—০—

জঙ্গিপুরের জনৈক বস্ত্র ব্যবসায়ী নন-কো বাবুদের অনুরোধ উপরোধ অগ্রাহ্য করিয়া বহু টাকার বিলাতী কাপড় আমদানী করিয়াছে। ভলাণ্টিয়ারগণ দোকানের উজানে ভাটিতে অবস্থিতি করিয়া যাহাতে বিলাতী বস্ত্র কেহ ক্রয় না করেন তজ্জন্য সাধ্য সাধনা করিতেছে। সামনে ৺পূজা আসিতেছে ইতর লোকের যেমন বিলাতী বস্ত্র প্রীতি তাহাতে এত দিন ধরিয়া পিকেটিংএর ধৈর্য্য থাকিলে হয়। তবে সাধিলেই সিদ্ধি একথা ঠিক।

## রাজ-সন্ন্যাসী প্রসঙ্গে মানহানি।

—:০:—

ঢাকা জয়দেবপুরে 'আশু ডাক্তার' নামে বিখ্যাত শ্রীযুক্ত আশুতোষ দাসগুপ্ত মহাশয় ঢাকার ডেপুটী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত এস পি ঘোষের আদালতে শ্রীযুক্ত পূর্ণচন্দ্র ঘোষ, শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এবং শ্রীযুক্ত রামলাল শীল—এই তিন ব্যক্তির বিরুদ্ধে মানহানির নালিশ রুজু করিয়াছেন। প্রথম আসামী "ফকির বেশে প্রাণের রাজা" নামক একখানি পুস্তিকার প্রকাশক, দ্বিতীয় আসামী মুদ্রাকর এবং তৃতীয় আসামী এই পুস্তিকার একজন বিক্রেতা। এই পুস্তিকায় লিখিত হইয়াছে যে, কতিপয় ব্যক্তির ষড়যন্ত্র করিয়া বাদী আশু ডাক্তার ভাওয়ালের দ্বিতীয় রাজকুমার রণেন্দ্রনারায়ণ রায়কে দার্জ্জিলিং লইয়া গিয়াছিলেন এবং তাহাকে বিষ খাওয়াইয়াছিলেন, তাহাতে কুমার অজ্ঞান হইয়া পড়েন, তখন তাঁহার মৃত্যু হইয়াছে মনে করিয়া সৎকার করিতে লইয়া যাওয়া হয়, কিন্তু অকস্মাৎ দারুণ ঝড় বৃষ্টি হয় বলিয়া সৎকার ঘটিয়া উঠে নাই। উকীল শ্রীযুক্ত শশাঙ্ককুমার বসু বাদীর পক্ষে নিযুক্ত হইয়াছেন।

বঙ্গবাসী।

## দু' নোকায় পা বুঝি আর থাকেনা।

—০—

যে সকল উকীল ওকালতি ব্যবসা পরিত্যাগ করেন নাই তাঁহারা কংগ্রেসের কার্য্যের অফিসের কর্ত্তা হইতে পারেন না, মহাত্মাগান্ধী এ সম্বন্ধে বলিয়াছেন যে—যে সকল উকীল ওকালতী পরিত্যাগ করেন নাই তাঁহারা কংগ্রেস কমিটীর নেতৃত্ব গ্রহণ করিতে পারিবে না। বাংলাদেশের অনেক সহরেই উকীল দ্বারা কংগ্রেস কমিটি গঠিত হইয়াছে। মহাত্মার আদেশ এবং অসহযোগের মন্ত্র অনুসারে ঐ সকল উকীলগণের নেতৃত্ব টিকেনা। ওকালতীতে থাকিয়া কংগ্রেসের কার্য্যে অধিকার থাকেনা ইত্যাদি যুক্তি প্রদর্শন পূর্ব্বক বহরমপুর কংগ্রেস কমিটির অধ্যক্ষ শ্রীযুক্ত ব্রজভূষণ গুপ্ত মহোদয় প্রভিন্সিয়াল কংগ্রেস কমিটির সম্পাদক মহাশয়ের নিকট নিম্নলিখিত পত্রখানি লিখিয়াছেন।

Berhampur.
2. 9. 21.

To
The Secretary Bengal Provincial
Congress Committee,
11 Wellington Square East
Calcutta.

Dear sir,

I thank you for your letter intimating that I have been selected a member of the Council of the Bengal Provincial Congress Committee. In Mahatma Gandhi's opinion as published in yesterda'y issue of the A, B, Patrika practising lawyers cannot occupy leading position in Congress organizations. Although I have reduced my practice for the sake of Congress work yet I am a practising lawyer and in the list published in the said newspaper of persons who have been selected as member of the said council I find the names of many practising lawyers. May I hope to be enlightened as to why practising lawyers have been so selected they being disqualified in the opinion of the highest authority.

Then as regards the council of our own District Congress Committee many of its members including the President (my humble self), the Vice-President, the Secretary, the Joint Secretary and the Assitant Secretaries are practising lawyers, It is clear now that we cannot hold these offices any longer. We are ready to vacate. Please instruct as soon as practicable how the vacancies to be caused thereby will be filled—by election or by selection—and if by the latter process then who is to make the selection. Election will, I need hardly point out, take much time if it

is to be made by the members of the District Congress Committee.

Yours truly,

Sd. Brojobhusan Gupta,

প্রতিনিধি।

## পরীক্ষিত কয়েকটী মুষ্টীযোগ।

—০—

(বঙ্গরত্ন হইতে।)

১। নিশিন্দা বৃক্ষোপরি যে পরগাছা হয় তাহার নস্য প্রয়োগ করিলে অপস্মার (ফিট) আরোগ্য হয়।

২। হরিদ্রা ও গুলঞ্চের কাথ কিঞ্চিৎ মধু প্রক্ষেপ দিয়া পান করিলে কফ প্রধান বাতরক্ত নষ্ট হয়।

৩। শুঁট আতৈচ, মুথা ইহাদের কাথ সেবনে অগ্নি প্রদিপ্ত হয় ও সর্ব্ববিধ গ্রহণী পীড়া নষ্ট হয়।

৪। হরীতকী /০ আনা জোয়ান /০ আনা মৌরী /০ আনা ও বিট লবন /০ গরম জলে গুলিয়া খাইলে গ্রহণী রোগীর গলা জ্বালা বুক জ্বালা বা পেট জ্বালা ও কোষ্ট বদ্ধতা আরোগ্য হয়।

৫। কৃষ্ণতিল বাটা ২ তোলা পরিমাণ জলের সহিত মিলাইয়া সপ্তাহকাল সেবনে অর্শের বিশেষ উপকার হয়।

৬। পদ্মকেশর, মধু, মাখন, চিনি ও নাগকেশর একত্রে লেহন করিলে রক্তার্শ ভাল হয়।

৭। মাখন ও তিলবাটা মিশ্রিত করিয়া সেবন করিলে অর্শে আশ্চর্য্য উপকার দর্শে।

৮। রক্তচন্দন ও মঞ্জিষ্ঠার কাথ মধুর সহিত পান করিলে প্রমেহের পীড়া নষ্ট হয়।

৯। কাঁচা হরিদ্রার রস অর্দ্ধছটাক কিঞ্চিৎ মধুর সহিত প্রাতে ও সন্ধ্যায় সেবনে প্রমেহ ভাল হয়।

১০। হরীতকী আমলকী বহেড়া ও কিসমিস ইহাদের কাথ সেবনে মেহ সত্বর আরোগ্য হয়।

উপরিলিখিত মুষ্টিযোগ দশটি কলিকাতার অন্যতম প্রধান চিকিৎসক আয়ুর্ব্বেদ সম্পাদক কবিরাজ শ্রীযুক্ত সত্যচরণ সেন গুপ্ত কবিরঞ্জন আয়ুর্ব্বেদ-শাস্ত্রীর ও হুগলী ঘোলঘাটের সুচিকিৎসক কবিরাজ শ্রীযুক্ত সুধাংশুভূষণ সেন গুপ্ত এফ, এন, এস, বি কবিরত্ন মহাশয়দ্বয়ের পরীক্ষিত জানিবেন। "বঙ্গরত্নের" পাঠক পাঠিকাগণ ইহা নিঃসন্দেহে ব্যবহার করিয়া দেখিতে পারেন।

ডাঃ শ্রীইন্দুভূষণ সেন গুপ্ত।

এম, বি, (হোমিও)

১১১নং বলরাম ঘোষের ষ্ট্রীট কলিকাতা।

## মদিরা মাহাত্ম্য।

—:০:—

(কজ্জল পূরিত লোচন ভারে—ছন্দে)

দেবী সুরেশ্বরি! বোতল বাসে
ভূতলশায়ী কর নিজ দাসে,
নর্দ্দমা-কর্দ্দম-লিপ্ত শরীরে,
কাপুরুষাধম কর কত ধীরে॥

(২)

কণ্ঠে পরিহিত যজ্ঞীয় সূত্র
শৌণ্ডিক-গৃহ-গত ব্রাহ্মণ-পুত্র,
গমন কালে মতলব গুপ্ত,
নির্গম সময়ে জ্ঞান-বিলুপ্ত॥

(৩)

কভু গত দক্ষিণে কভু গত বামে।
নর্ত্তন কুর্দ্দন বঙ্কিম ঠামে।
পতনোত্থানে কত শত রঙ্গে,
রক্তারক্তি বিক্ষত অঙ্গে॥

(৪)

ক্রমশঃ বর্দ্ধিত পানাশক্তি,
পানে বিবর্দ্ধিত বক্তৃতা-শক্তি।
অর্থ বিবর্জ্জিত প্রলাপ বাক্য
লোহিত লোচনে ঘৃণিত কটাক্ষ॥

(৫)

অপ্রিয় গন্ধ অপ্রিয় বদনে
গমনে সঙ্কোচ গুরু জন-সদনে।
সর্ব্বদা রহিবে পশ্চাতে হটিয়া,
সুমধুর বাক্যে উঠিবে চটিয়া॥

(৬)

বৃক্ষতল-গত করহ গৃহস্থে
লাঞ্ছিত রাজ-কিঙ্কর হস্তে!
পঞ্চ আইনে প্রাপ্ত শাস্তি
স্পর্দ্ধা "হামসে দীগর নাস্তি॥"

(৭)

ইয়ার বন্ধু জুটিয়া পুটিয়া,
সঞ্চিত বঞ্চিত করয়ে লুটিয়া।
লণ্ড ভণ্ড শিক্ষা ও দীক্ষা
শেষে অদৃষ্টে মুষ্টি ভিক্ষা॥

(৮)

মায়া-বিরহিত দারা পুত্রে,
শায়িত সতত পুরীষ মূত্রে।
বর্ণিল তব গুণ ত্রাসে ত্রাসে,
ও রসে বঞ্চিত অধম দাসে॥


# জবাকুসুম তৈল

গুণেঅদ্বিতীয় গন্ধে অতুলনীয়

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বর্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্ত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থান-চ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।

৩ শিশি ২।০ ভিঃ পিতে ২॥৵০

### দ্রষ্টব্য।

শিশি, তৈল প্রভৃতি দ্রব্যের মূল্য অত্যন্ত বৃদ্ধি হওয়ায় অদ্য তারিখ হইতে বাধ্য হইয়া এক গ্রোস জবাকুসুম তৈলের মূল্য ১০৮৲ একশত আট টাকা, ডজনের মূল্য ৯॥০ সারে নয় টাকা ও তিন শিশির মূল্য আড়াই টাক /।০ শিশির মূল্য ৩।০ টাকা ধার্য্য করা হইল। এক শিশির মূল্য এক টাকা রহিল।

# কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও তজ্জন্য স্বপ্নদোষাদি উপসর্গ সত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বর্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৵০

# অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইলে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিষ্কৃতি পাইবার জন্য দেশ দেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৵০

# ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাকে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব্য ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ টাকা ভিঃ পিতে ১।/

সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড

ব্যবস্থাপক ও চিকিৎসক—

শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ

২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা



# কেবল দেড় টাকায়

## প্রত্যেকেরই নিত্য প্রয়োজনীয়

নিম্নলিখিত ৬ দফার যে কোন জিনিষ পাইবেন।

এক সঙ্গে ৬ দফা জিনিষ ৮৲ টাকায় পাইবেন।

PAID.
URGENT.
DUPLICATE.
CANCELLED.
BOOK-POST.
REPLIED.
COPIED.
REGISTERED.
REFUSED.
Original.
Reference No.
STAMPED.

১। ওয়ার্ড ষ্ট্যাম্প—উপরের নমুনা অনুযায়ী ১২ টি রবার ষ্টাম্প।

২। রবার ষ্ট্যাম্প—বাদামী, গোল, স্কোয়ার ইত্যাদি নানা রকমের fancy ডিজাইনে নাম ও ঠিকানা যুক্ত।

৩। নম্বারিং রবার ষ্ট্যাম্প—ইহাতে ৯৯৯৯ পর্য্যন্ত নম্বর করা যাইবে।

৪। ডেটিং ষ্ট্যাম্প—তারিখ, মাস ও সন বদলান যাইবে।

৫। পকেট প্রেস-A হইতে Z সমস্ত অক্ষর আছে।

৬। পিতলের শিলমোহর-পিতলের হাণ্ডেল যুক্ত রেজেষ্টারী চিঠিপত্রে গালায় ছাপিবার জন্য, কালিতেও ছাপা চলে। নাম বা মনোগ্রাম পাঠাইলে প্রস্তুত হয়।

আর, এন, দত্ত এণ্ড কোং এনগ্রেভার্স

৩৭।৪নং মেছুয়াবাজার রোড, কলিকাতা।



বাহির হইয়াছে! বাহির হইয়াছে!!

## সেটেলমেণ্ট মুস্কিল আসান।

—•—

দেশে সেটেলমেণ্ট আসিয়াছে জানেন তো। কি জমিদার, কি প্রজা এই সেটেলমেণ্ট-ভীতি কাহারও কম হয় না। সেটেলমেণ্টের সময় আপন গণ্ডা বুঝে নেবার আক্কেল পাইবার একখানা বই জঙ্গিপুরের নলিনাক্ষ বাবু উকীল বাহির করিয়াছেন। বই খানির নাম 'সরল সেটেলমেণ্ট সহচর'। ইহাতে অল্প লেখা পড়া জানা লোকও আপন গণ্ডা বুঝে নেবার হদিশ পাইবেন। জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়ে অনুসন্ধান করুন। মূল্য ১৲ ভিঃ পিঃতে ১।৵০

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ১;
চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য
শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক!
৸৹ পঞ্চীর সম্পূর্ণ!

আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে;

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## ইলেক্ট্রিক সলিউসন




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে আত অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমস্থত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৴০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দোকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি।৶০ সাত আনা।

যাবতায় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটিবাজার, কলিকাতা।

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৶০ দশ আনা

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ